

তথ্য পত্র: মাল্টিসিস্টেম ইনফ্লেমেটরি সিন্ড্রোম ইন চিলড্রেন (MIS-C)

মাল্টিসিস্টেম ইনফ্লেমেটরি সিন্ড্রোম ইন চিলড্রেন কী?

মাল্টিসিস্টেম ইনফ্লেমেটরি সিন্ড্রোম ইন চিলড্রেন (MIS-C) হল COVID-19 এর সাথে সংযুক্ত একটি নতুন রোগ যা নিউ ইয়র্ক সিটি (NYC) অন্য জায়গাগুলিতেও দেখতে পাওয়া যাচ্ছে। সিন্ড্রোমটিকে আগে বলা পেডিয়াট্রিক মাল্টিসিস্টেম ইনফ্লেমেটরি সিন্ড্রোম বা (Pediatric Multisystem Inflammatory Syndrome, PMIS)।

MIS-C অন্যান্য গুরুতর প্রদাহ সৃষ্টিকারী রোগ যেমন [কাওয়াসাকি রোগ](#) এবং টক্সিক শক সিন্ড্রোমের মতোই। কোনো শিশুর MIS-C রোগ থাকলে তাদের হার্ট এবং অন্যান্য অঙ্গের সমস্যা হতে পারে এবং তাদের চিকিৎসা করতে হাসপাতালে নিয়ে যেতে হয়।

MIS-C একটি বিরল রোগ। যাইহোক, যেহেতু এই সিন্ড্রোম থাকা শিশুরা গুরুতর অসুস্থ হয়ে পড়তে পারে তাই শিশুদের যে লক্ষণ ও উপসর্গগুলি দেখা যেতে পারে তা তাদের বাবা মায়ের জেনে রাখা জরুরি, যাতে তারা সঙ্গে সঙ্গে সহায়তা পেতে পারেন।

MIS-C এর লক্ষণ এবং উপসর্গগুলি কী?

বেশির ভাগ শিশুর জ্বর হয় (100.4 ডিগ্রী ফারেনহাইট অথবা 38.0 ডিগ্রী সেলসিয়াস বা তার বেশি) যা অন্যান্য উপসর্গের সাথে বেশ কিছু দিন থাকে।

অন্যান্য সাধারণ উপসর্গগুলির মধ্যে রয়েছে:

- ঘ্যানঘ্যান করা বা চঞ্চলতা কমে যাওয়া বা ঝিমিয়ে পড়া
- অন্য কোনো কারণ ছাড়াই তলপেটে ব্যথা
- ডায়ারিয়া
- বমি হওয়া
- স্বকে ফুসকুড়ি হওয়া
- কঞ্জাঙ্কিভাইটিস (লাল বা গোলাপি চোখ)
- খাওয়ার ইচ্ছে না থাকা
- লাল, ফেটে যাওয়া ঠোঁট অথবা লাল, স্ট্রবেরির মতো অমসৃণ জিভ।
- ফুলে যাওয়া হাত এবং পা, যা লালও হতে পারে

কখন আমার শিশুর ডাক্তারকে ডাকা উচিত বা জরুরি পরিচর্যা নেওয়া উচিত?

আপনার শিশুর জ্বর না কমলে এবং উপরের কোনো একটি উপসর্গ থাকলে অবিলম্বে আপনার ডাক্তারকে ফোন করুন। ডাক্তার আপনার শিশুর উপসর্গগুলি সম্পর্কে জিজ্ঞাসা করবেন এবং ওই তথ্যের উপর ভিত্তি করে পরবর্তী পদক্ষেপের পরামর্শ দেবেন। আপনার শিশু যদি গুরুতর অসুস্থ হয়, অবিলম্বে নিকটবর্তী এমার্জেন্সি রুমে নিয়ে যান অথবা 911 নম্বরে কল করুন।

MIS-C কি ছোঁয়াচে?

MIS-C ছোঁয়াচে নয়, কিন্তু হতে পারে আপনার শিশুর COVID-19 অথবা অন্য কোন সংক্রমণ আছে যা ছোঁয়াচে। এই কারণে হাসপাতালগুলি আপনার শিশুর চিকিৎসা করার সময় সংক্রমণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অবলম্বন করবে।

MIS-C এর কি কোনো চিকিৎসা আছে?

বর্তমানে, MIS-C তে আক্রান্ত শিশুদের বিভিন্ন থেরাপি দিয়ে চিকিৎসা করা হচ্ছে, যার মধ্যে ওষুধ যা শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা এবং প্রদাহের বিরুদ্ধে লড়াই করার ক্ষমতা বৃদ্ধির দিকে লক্ষ্য রাখে। হৃদযন্ত্র, কিডনি এবং অন্যান্য অঙ্গগুলি সুরক্ষিত রাখার জন্য শিশুদের অন্য ওষুধও দেওয়া হতে পারে।

কীভাবে আমি আমার শিশুর MIS-C হওয়া প্রতিরোধ করতে পারি?

আপনার সন্তান যেন COVID-19 এর সংস্পর্শে না আসে সেইজন্য আপনাকে প্রতিরোধক পদক্ষেপ নিতে হবে। মুখের আবরণ, হাতের স্বাস্থ্যবিধি এবং শারীরিক দূরত্ব বজায় রাখা হল COVID-19 প্রতিরোধ করার সেরা উপায়। মৌলিক শারীরিক সমস্যা থাকা শিশুদের COVID-19 এর জন্য শারীরিক অবনতি হওয়ার সম্ভাবনা বেশি, তাই প্রতিরোধ ব্যবস্থা অবলম্বন করা আরো বেশি জরুরি।

পরিস্থিতির উপর নির্ভর করে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তর (NYC Health Department) পরামর্শগুলি পরিবর্তন করতে পারে।

5.18.20